সমকাল

তারিখ ... 13 NOV 2017 ...
পৃষ্ঠা ... ৪ ... কলাম ... ৬ ...

জাতীয় বিশ্ববিদ্যালয়

# রিলিজ স্লিপে অনার্সে ভর্তির মেধা তালিকা প্রকাশ আজ

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০১৭-১৮ শিক্ষাবর্ষে রিলিজ স্লিপে প্রথম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তির মেধাতালিকা আজ সোমবার প্রকাশ করা হবে। এই ফল এসএমএসের মাধ্যমে জানতে বিকেল ৪টা থেকে যে কোনো মোবাইলের মেসেজ অপশনে গিয়ে nu<space>athn<space>roll no লিখে ১৬২২২ নম্বরে পাঠাতে হবে। এ ছাড়া রাত ৯টায় ওয়েবসাইট (www.nu.edu.bd/admissions অথবা admissions.nu.edu.bd) থেকে ফল পাওয়া যাবে।

**মাস্টার্স প্রফেশনাল কোর্সে ভর্তির মেধাতালিকা কাল প্রকাশ** : জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০১৮ সালের মাস্টার্স (প্রফেশনাল) কোর্সের বিএড/বিএমএড/বিএসএড/বিপিএড/এমএড/এমএসএড/এমপিএড/এমএসসি ইন কম্পিউটার সায়েন্স/ এলএলবি শেষ বর্ষের ভর্তি কার্যক্রমের মেধাতালিকা ১৪ নভেম্বর প্রকাশ করা হবে। এ ফল এসএমএসের মাধ্যমে বিকেল ৪টা থেকে যে কোনো মোবাইল ফোনের মেসেজ অপশনে গিয়ে nu<space>atpm<space>roll no লিখে ১৬২২২ নম্বরে এবং রাত ৯টায় ওয়েবসাইট (nu.edu.bd/admissions অথবা www.admissions.nu.edu.bd) থেকে ফল পাওয়া যাবে। সংবাদ বিজ্ঞপ্তি।